টেলিফোন ঃ ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিণ্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
দাদাঠাকুর )

**শীতবস্ত্রের বিপুল আয়োজন**
সর্ব্বপ্রকার শাল, আলোয়ান, র‍্যাগ, খদ্দর চাদর এবং গরম কোট ও সার্টের কাপড় আসিয়াছে।
বিভিন্ন মিলের ধুতি, শাড়ী, বোম্বে প্রিন্টেড টেরিকট, টেরিলিনের শাড়ী ও যাবতীয় টেরিকট, টেরিলিন ও সুতী সার্টিং ও বে টিং এর বিরাট আয়োজন।
**মুদ্রা বস্ত্রালয়**
জঙ্গিপুর পোষ্ট অফিসের পার্শ্বে

৫৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৬ই মাঘ বুধবার, ১৩৭৭ ইং 20th Jan. 1971 | ৩৪শ সংখ্যা



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার স্ট্রীট কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া ও থাকার ঘরে ঘরে ঝুল ও —হবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

ষ্টার ও প্যাগোডা ব্র্যাণ্ডের
সর্ব্বাধুনিক ডিজাইনের সকল রকম
কার্ডের বিরাট সমাবেশ।
॥ পণ্ডিত প্রেস ॥
রঘুনাথগঞ্জ ঃ মুর্শিদাবাদ



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

দক্ষিণ কলিকাতা মুখরিত আজি রে,
দে রণ, দে রণ বলি হাঁকিল স্বরাজী রে।
সেচ্ছাসেবক যত স্বরাজীর পালোয়ান,
পরিধানে খদ্দর, খদ্দর আলোয়ান।
—দাদাঠাকুর

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৬ই মাঘ বুধবার সন ১৩৭৭ সাল।

# ॥ নির্বাচনী ম্যানিফেষ্টো ॥

সেই দিনটি ক্রমশঃ আগাইয়া আসিতেছে যেদিন এই রাজ্যের মানুষ আবার তাঁহাদের পছন্দসই সরকারগঠনে অভিমত দিবেন। গত ১৯৭০ সালের মার্চ মাস ছিল সরকার ভাঙ্গার মাস; '৭১ এর মার্চে আবার গঠনের পালা। গঠন শুধু পশ্চিমবঙ্গেই নয়। সারা ভারতের মধ্যে নির্বাচনী হাওয়া বহিতে শুরু করিয়াছে। কোথাও শুধু লোকসভার, আবার কোথাও বা লোকসভা ও রাজ্য বিধানসভার জন্য এই নির্বাচন।

তবে এবারের নির্বাচনে একটু বিশেষত্ব আছে। এই রাজ্যে বর্তমানে যত পুলিশ এবং বাহিরের সি, আর, পি আছে, তাহার উপর বাহির হইতে আরো প্রায় ১ লক্ষ ত্রিশ হাজার শান্তিরক্ষক আমদানী করা হইবে; প্রয়োজনবোধে সেনাবাহিনীর তলব হইতে পারে। অর্থাৎ আশঙ্কা করা হইতেছে যে, বাংলার বুকে যেরূপ তাণ্ডব এখন চলিতেছে, নির্বাচনী মরশুমে তাহার বীভৎস আ[illegible]র হওয়া বিচিত্র নয়; কাজেই সেই পরিস্থি[illegible]র মোকাবিলায় এবারের এই নয়া ব্যবস্থা। বেচারা ভোটার, বেচারা নির্বাচন পরিচালকগোষ্ঠী। আর হায়রে প্রার্থীকুল।

তাই দিকে দিকে সমঝোতার প্রশ্ন। দলগুলির এখন কাজ কী? ঘর সামলান। দাঁড়াইতে পারা। 'অমুক করিব, তমুক করিব—তাই ভোট দিন'—ইহা এখন গৌণত্বের পর্যায়ে। কেমনভাবে কাহার সহিত ভিড়িলে ভোটরঙ্গে বাজীমাৎ হইবে—এই চিন্তাই এখন প্রধান। জাতীয়তাবাদী গণতান্ত্রিক ফ্রন্ট, সি, পি, এম প্রভাবিত সংযুক্ত বামপন্থী ফ্রন্ট এবং আটপারটি ফ্রন্ট পশ্চিমবঙ্গের নির্বাচনী রণাঙ্গনে শিবির সন্নিবেশ করিতেছেন। আদিকংগ্রেস উপযুক্ত সিদ্ধান্ত না লওয়া পর্যন্ত আর কোন শিবির দেখা দিবে কিনা, এখনই বলা যায় না। এই রাজ্যে যেভাবে নানা ফ্রন্ট গঠিত হইয়াছে, তাহাতে সর্বভারতীয় ভাবধারা বা মনোভাবের পরিচয় পাওয়া যাইবে না। কাজেই নির্বাচনী প্রচারে দলীয় গালাগালির বদলে নূতনতর বুকনীর আশ্রয় লইতে হইবে। কারণ এই যে, যাঁহারা নেতা, তাঁহাদের নানা লাইসেন্স আছে, তাই ব্যাপক আকারে কিছু পরিকল্পনার সুযোগ-সুবিধা তাঁহাদের প্রচুর। কিন্তু যে কোন দলের সাধারণ কর্মী যাঁহারা—আঘাত তাঁহাদের কাছে আসে বেশী। নেতা, সাধারণ কর্মী এবং সমর্থকবৃন্দের চিন্তা-ভাবনার পার্থক্য অনেক। কর্মী ও সমর্থক যাহা চান, নেতা তাহা চান না। আখেরের জন্য। এই আখের হইতেছে কেন্দ্রের কোন তখ্‌ত্‌-তাউস।

নানা দল নানা বাধা-বিপত্তি লইয়া আসন্ন নির্বাচনের দিকে আগাইয়া যাইতেছেন। এখন যাহা সুস্পষ্ট, তাহা হইতেছে যে, উপযুক্ত খেল যিনি দেখাইতে পারিবেন, জয় তাঁহারই হাতে। জনগণ দেখিয়াছেন বিচিত্র জিনিস। সংসদীয় গণতন্ত্র পশ্চিমবঙ্গে শুধুই হোঁচট খাইয়াছে। সুতরাং এই হোঁচটের পাল্লায় আর পড়িতে দেওয়া কোনমতেই চলিবে না। সুতরাং যে সাহস লইয়া তাঁহারা আগাইবেন গণতান্ত্রিক অধিকারকে প্রতিষ্ঠিত করিতে, তাহার সর্বপ্রকারের বিঘ্ন দূর করার একান্ত প্রয়োজন। সরকারকেও এইজন্য ঘড়ির কাঁটার ন্যায় সজাগ থাকিতে হইবে।

---

## নৃশংসভাবে হত্যা

গত ১৯শে জানুয়ারী মঙ্গলবার সন্ধ্যার কিছু পরে রঘুনাথগঞ্জ থানার কুলড়ী ও প্রসাদপুর গ্রামের মাঠে জঙ্গিপুরের বাসন ব্যবসায়ী সুবলচন্দ্র দাসকে নৃশংসভাবে হত্যা করিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

## অবাক্ কাণ্ড

শুনে আশ্চর্য্য হওয়ার কথা জব্বলপুর হতে একখানি চিঠি বোখারা পোষ্ট অফিসে পৌছিতে মাত্র ১৮ দিন সময় লাগে যেখানে আগে ৪।৫ দিনে পৌছিত।

* * *আরও আশ্চর্য্য হবেন, জব্বলপুর হতে ২।১।৭১ তারিখে এক্সপ্রেস টেলিগ্রাম নং A 102 ( Serial No. 1416 ) সাগরদীঘি সাব-অফিসে ৩।১।৭১ তারিখে পান এবং তাতে প্রাপকের "নাম-বিভ্রাট" দেখা যায়।

এক সহি-তেই এম, পি, দের চাকরি গেল, কিন্তু মন্ত্রীসভা টিকে রইল। মন্ত্রীসভার জোটে, রাজশক্তির দাপটে ইন্দিরা এবার মধ্যবর্ত্তী নির্বাচনী বৈতরণী পার হচ্ছেন।

### পরলোকগমন

গত ২রা মাঘ শনিবার সকাল ৮-৩০ ঘটিকায় বোখারা গ্রামের আশুতোষ দত্ত মহাশয় ৭৬ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। তিনি স্ত্রী, চারি পুত্র, চারি কন্যা, পৌত্র-পৌত্রী, দৌহিত্র দৌহিত্রী ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। তিনি পল্লীর বহু জনহিতকর প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট ছিলেন। তিনি "জঙ্গিপুর সংবাদ" পত্রিকার একজন হিতাকাঙ্ক্ষী গ্রাহক ছিলেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

### বস্ত্র বিতরণ

গত ৭ই জানুয়ারী ধুলিয়ান মিউনিসিপাল অফিসে জঙ্গিপুরের মহকুমা-শাসক ও জঙ্গিপুর মহকুমা রেডক্রস শাখার সম্পাদক শ্রীদেবীরতন নাথ মহাশয়-দ্বয়ের উপস্থিতিতে ধুলিয়ান মিউনিসিপাল এলাকার দুঃস্থজনগণকে ৬৮ খানি কম্বল, জামা কাপড় ও কিছু পুরাতন জামা কাপড় বিলি করা হয়।

## বিংশ শতকের সভ্যতা

—দুলাল মুখোপাধ্যায়

বিংশ শতাব্দীর সভ্য জগত :
সুসভ্য সভ্যতায় গড়া এই দুনিয়া ;
কতো কবি, কতো সাহিত্যিক, শিল্পী, বিজ্ঞানী,—
আলোক-উজ্জ্বল চারিদিক ;
সভ্যতার চরম শিখরে উন্নীত আজ বিশ্ব।
সভ্যতার আলোক থেকে যারা বহুদূরে
অর্থাৎ যারা কুলি, মজুর, কৃষক—
তারা কিন্তু সুসভ্য জগতের চোখে অসভ্য।
তাদের নিয়ে কেউ মাথা ঘামায় না,
প্রয়োজনও হয় তো বোধ করে না।
তাইতো উঁচু জগতের লোকেরা যখন
নিশার কোন এক প্রহরে হাজার হাজার টাকা
খরচ করে উলঙ্গ নারীর সাহচর্যে
আসার জন্য, তখন তাদের একফোঁটাও
মনে পড়ে না অসভ্য জগতের লোকদের
যারা তাদের প্রতিটি রক্তকণা দিয়ে
তৈরী করেছে এই সুন্দর বিশ্ব ;
কিন্তু যারা অর্ধ-উলঙ্গ, বুভুক্ষু, গৃহহীন।
পশ্চিমী দেশের অক্লান্ত পরিশ্রমে
তৈরী হচ্ছে মানুষ মারার 'মেসিন,'
সভ্য জগতের এটা বুঝি অন্যতম নিদর্শন।
মানুষ, ছাগল, গোরু, ভেড়া
সবই বিক্রি হচ্ছে এই সভ্য জগতের
হাটে, অতি সুলভে।
মানুষের চরিত্র, মনুষ্যত্ব : এ সব তো এখন
ঠুনকো ব্যাপার—সভ্য জগতে
এ সব একেবারেই অচল।

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৮ই ফেব্রুয়ারী, ১৯৭১

৩ স্বত্ব/৬৯ ডিঃ গোলেনুর বিবি দেঃ আমিন বেওয়া দিং দাবি ৫৯-৬৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সুজাপুর ১৯ শতকের কাত ২৮৭ তন্মধ্যে ১৫ শতক হারাহারি খাজনা ১৮ খং নং ২৭৭

Government of West Bengal
Office of the District Magistrate, Murshidabad,
M. V. Department.

## NOTICE

In Pursuance of section 57 of the M. V. Act. 1939 (Act IV of 1939), read with sub-rule (b) of rule 57 of the M. V. Rules, 1940, it is notified for information of all concerned that the following number of valid applications as mentioned against the bus routes, have been received in the office of the undersigned, for grant of permanent route permit for the stage carriages to be provided against the route.

| Name of the route | No. of Permits | Total No. of valid application received. |
|---|---|---|
| 1. Berhampore-Radhanagarghat (Express) | 2 | 12 |
| 2. Kandi-Raghunathganj via Panchgram and Sagardighi. | 2 | 45 |
| 3. Berhampore-Gopalpurghat (Express) | 2 | 9 |
| 4. Berhampore-Jangipur via Bhagwangola (Express) | 2 | 16 |
| 5. Berhampore-Raghunathganj via Moregram (Express) | 2 | 11 |
| 6. Berhampore-Raghunathganj via Nabagram and Sagardighi. | 2 | 25 |
| 7. Berhampore-Sagarpara via Raninagar (Express). | 2 | 7 |

The list of these applicants showing names and address will be kept displayed on the Notice Board of the R. T. A. for inspection from 2. 1. 71.

Representation, if any, in connection with the above subject will be received by the undersigned upto 5. 2. 71 for consideration.

The above applications and representations received, if any, will be considered by the R. T. A., Murshidabad, at its meeting to be held after 5. 2. 71 in the office of the District Magistrate, Murshidabad.


The actual date of the said meeting will be notified in due course.

Sd/- P. K. Bhattacharjee
Secretary, R. T. A., Murshidabad.

Advt. No. Dt. Inf 50/70-71

খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

জবাকুসুম কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস • কলিকাতা-১২

KALPANA.J.K-84.B


# Government of West Bengal
## Office of the District Magistrate, Murshidabad, M. V. Department.

# NOTICE

As required under section 47 of the M. V. Act, 1939, it is notified for the information of all concerned that the R. T. A., Murshidabad proposes to issue stage carriage permits on the following routes for the interest of the travelling public.

| Description of the route | No. of permit and trip to be issued. |
|---|---|
| 1. Raghunathganj to Dhulian via Aurangabad. | One permit with 3 trips each way daily. |
| 2. Berhampore to Bhagirathpur via Domkal. | One Permit with one trip each way daily. |

Any representation made by persons already providing passenger transport facilities by any means along or near the proposed routes or by any association representing persons interested in the provision of road transport facilities or by any local authority, will be received by the Secretary, R. T. A., Murshidabad upto 5-00 P. M. on 25. 2. 71.

The date, time and place at which the representations received, if any, will be considered by the R. T. A., Murshidabad, will be intimated in due course.

Sd/- P. K. Bhattacharjee
Secretary, R. T. A., Murshidabad

Advt. No. 52/70-71 Dt. Inf. Murshidabad.


শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসীলিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )



* আই, সি, আই পেইণ্ট
* মেদিনীপুরের ভাল মাদুর
* যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
* ইমারতের যাবতীয় সরঞ্জাম।
* শালিমার কোম্পানীর সর্ব্বপ্রকার রং এ বিশেষ কমিশন সহকারে সরবরাহ করা হয়।

*বিক্রেতা ঃ—*

**কুণ্ডু হার্ডওয়ার ষ্টোর্স**

**খাগড়া, মুর্শিদাবাদ**

ফোন নং বহরমপুর ২১৯


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।